

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলকাতা - ৭০০০০৭

ফোন নং: (০৩৩) ২২৪১-২০৬০

বার্তা সম্পাদক

-----|


নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

২১-০৭-২০২৩

বিগত প্রায় তিনমাস ধরে মণিপুরে যে নৃশংস ঘটনা ঘটে চলেছে কোনো সভ্য সমাজে তা চলতে পারে না। রাজ্য সরকার সেই পরিস্থিতি নিয়ন্ত্রণে সম্পূর্ণ ব্যর্থ, কেন্দ্রীয় সরকারও পুরোপুরি উদাসীন। ভ্রাতৃঘাতী দাঙ্গার শিকার হয়েছেন বহু মানুষ, রেহাই পায়নি শিশু ও নারী। রাজ্যের নানা জায়গায় পুড়েছে বহু ঘরবাড়ি। অসংখ্য মানুষকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। এই দুঃশাসনের আবহে সামাজিক মাধ্যমে যে ঘটনাটি জনসমক্ষে এসেছে তার বিরুদ্ধে প্রতিবাদ জানানোর কোনো ভাষা আমাদের নেই। মাতৃজাতির সম্বন্ধে এই চরম লাঞ্ছনা দেখার পর লজ্জায় আমাদের মাথা হেঁট হয়ে যাচ্ছে। অপরাধীদের চরমতম শাস্তির পাশাপাশি আমরা চাই মণিপুরে অবিলম্বে স্বাভাবিক জীবন যাত্রা ফিরে আসুক। মানবতার এই চরম লাঞ্ছনার আবহে দেশের উচ্চতম ন্যায় আদালতের হুঁশিয়ারির মুখে পড়ে প্রধানমন্ত্রী দীর্ঘকাল পর তাঁর নীরবতা ভেঙ্গেছেন। ভয়ঙ্কর এই হত্যালীলার আমরা দ্রুত অবসান চাই।


ধন্যবাদ সহ,



(শুভোদয় দাশগুপ্ত)

সভাপতি

মোবাইল নং ৯৮৩১২০১৮৫২



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪